

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
পোরশা, নওগাঁ।

স্মারক নং:- ০৫.৪৩.৬৪.৭৯.০০০.০৯.২০১.২৩-৭৩১

তারিখঃ ২০ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ।  
০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

পোরশা উপজেলার সকল বিসিআইসি, বিএডিসি, বালাইনাশক ও বীজ ডিলারগণকে কৃষকদের নায্যমূল্যে বীজ ও রাসায়নিক সারের প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাগুলি মেনে চলার জন্য অনুরোধ করা হলো।


- ০১। গোড়াউনে বীজ ও রাসায়নিক সারের আগমন ও মজুদ নিশ্চিত করার লক্ষ্যে বীজ ও সার পরিবহনকারী বাহন গোড়াউনে পৌঁছামাত্র কর্তৃপক্ষকে জানাতে হবে ও আগমনী বার্তা পৌঁছাতে হবে।
- ০২। সারের মূল্য তালিকা বিক্রয় কেন্দ্রের সামনে লালসালুতে টাঙিয়ে রাখতে হবে।
- ০৩। ক্যাশমেমো ছাড়া কোন বীজ, সার ও বালাইনাশক বিক্রয় করা যাবে না।
- ০৪। ক্যাশ মেমোতে কৃষকের নাম ঠিকানা ও মোবাইল নম্বর অবশ্যই লিপিবদ্ধ করতে হবে।
- ০৫। সরকার নির্ধারিত মূল্যের বেশী মূল্যে কোনভাবেই বীজ, সার ও বালাইনাশক বিক্রয় করা যাবে না।
- ০৬। বীজ, সার ও বালাইনাশকের মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার ও পরিদর্শন রেজিস্টার সঠিকভাবে সংরক্ষণ ও হালনাগাদ রাখতে হবে।
- ০৭। কোনোক্রমেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া বীজ, সার ও বালাইনাশক প্যাকিং/ রিপ্যাকিং এবং বিক্রয় করা যাবে না।

উপরিউক্ত নির্দেশনার পরিপন্থি হলে বীজ আইন, বালাইনাশক আইন ও সার আইন অনুসারে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

প্রাপক

মেসার্স .....

বিসিআইসি/ বিএডিসি/ বালাইনাশক বীজ ও সার ডিলার, পোরশা, নওগাঁ।

  
(মোঃ মেহেদী হাসান)  
উপজেলা কৃষি অফিসার  
পোরশা, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ০১। মাননীয় খাদ্যমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ০২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নওগাঁ।
- ০৩। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নওগাঁ।
- ০৪। জেলা বীজ প্রত্যাযন অফিসার, নওগাঁ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পোরশা, নওগাঁ।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার পোরশা, নওগাঁ।
- ০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা, উপজেলা পরিষদ, পোরশা, নওগাঁ।
- ০৮। অফিস নথি।